ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৬২০

শান্তিরবাজার,৬ জানুয়ারি,২০২৬

# রাজ্য সরকার খেলাধুলার প্রসারের উপর গুরুত্ব আরোপ করেছে : সমবায়মন্ত্রী

রাজ্য সরকার নেশামুক্ত ত্রিপুরা গঠনের জন্য খেলাধুলার প্রসারের উপর গুরুত্বারোপ করেছে। রাজ্যে ব্লক, মহকুমা ও গ্রামীণ এলাকায় এখন বিভিন্ন ধরনের খেলাধুলার আয়োজন করা হচ্ছে। শুধু তাই নয় একই সঙ্গে খেলাধুলার পরিকাঠামোগত উন্নয়নে নতুন নতুন খেলার মাঠ ও স্টেডিয়াম নির্মাণ করা হচ্ছে। আন্তর্জাতিক মানের খেলা উপভোগ করার জন্য আগরতলার নরসিংগড়ে তৈরি করা হচ্ছে আধুনিক ক্রিকেট স্টেডিয়াম। আজ বিলোনীয়ার বি.কে.আই. মাঠে ভগবান বীরসা মুন্ডা দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক এস.টি. হোস্টেল ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে একথা বলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া। অনুষ্ঠানে শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে বক্তব্য রাখেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। বক্তব্য রাখেন বিধায়ক মাইলাফ্রু মগ, স্বাগত বক্তব্য রাখেন জেলাশাসক মহ: সাজ্জাদ পি.। অনুষ্ঠানে বিশিষ্ট সমাজসেবী জ্যোৎস্না মুন্ডাকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে চ্যাম্পিয়ন দল মহিলা বিভাগে বিলোনীয়া গার্লস এস.টি. হোস্টেল এবং ফার্স্ট রানার্স আপ সাতচাঁদ এস.টি. হোস্টেল, সেকেন্ড রানার্স আপ বকাফা ইংলিশ মিডিয়াম গার্লস এস.টি. হোস্টেল, পুরুষ বিভাগে চ্যাম্পিয়ন শান্তিরবাজার একলব্য ইংলিশ মিডিয়াম এস.টি. হোস্টেল, ফার্স্ট রানার্স আপ সাব্রুম ইবেনজার এস.টি. হোস্টেল, সেকেন্ড রানার্স আপ বি.কে.আই. এস.টি. হোস্টেলের খেলোয়াড়দের মধ্যে পুরস্কার তুলে দেন অতিথিগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ।

*****